

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ১১ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১১ ডিসেম্বর ২০২৩ তারিখ সোমবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোঃ আব্দুস সোবহান মহোদয়ের নেতৃত্বে চট্টগ্রাম শহরের মধুবন সুইটস ইভান্স লিমিটেড এর কারখানায় অভিযানকালে অস্বাস্থ্যকর পরিবেশে অননুমোদিত রং, অননুমোদিত রাসায়নিক (হাইড্রোজ), ছোঁয়াচে রোগে আক্রান্ত কর্মীদের দিয়ে খাদ্য পণ্য উৎপাদন, অসম্পূর্ণ লেভেলিং, পোড়াতেলের ব্যবহারসহ নানাবিধ অসঙ্গতি পরিলক্ষিত হওয়ায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর সংশ্লিষ্ট বিধানানুযায়ী তিন (৩) লক্ষ টাকা জরিমানা আরোপ ও তাৎক্ষণিক আদায় করা হয়।

এছাড়া হোসেন ফুড এণ্ড কোং (ডায়মন্ড সেমাই এণ্ড নুডলস) কারখানায় অভিযানকালে অস্বাস্থ্যকর পরিবেশ, অগ্রীম উৎপাদন ও মেয়াদের তারিখ স্থাপন, লাইসেন্স না থাকাসহ নানাবিধ অসঙ্গতি পরিলক্ষিত হওয়ায় উক্ত প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট ধারানুযায়ী দুই (২) লক্ষ টাকা জরিমানা আরোপ ও তাৎক্ষণিক আদায় করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সাপোর্টিং স্টাফসহ র্যাব-০৭ এর একটি চৌকস টিম স্বার্বিক সহযোগিতা প্রদান করেন।

১১/১২/২০২৩

(মোঃ আখতার মামুন)

পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোন: ০২-২২২২২৩৬০১

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।